

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

(শুল্ক)

প্রজ্ঞাপন

ঢাকা, ৯ ভাদ্র, ১৪১৩ বাংলা/ ২৪ আগস্ট, ২০০৬ খ্রিস্টাব্দ।

প্রজ্ঞাপন নং ১৬৯/২০০৬/ শুল্ক জাতীয় রাজস্ব বোর্ড The Customs Act, 1969 (Act IV of 1969), এর section 9(a) -তে প্রদত্ত ক্ষমতাবলে কনটেইনারে বাহিত আমদানি ও রপ্তানি পণ্য বোরাই ও খালাসের জন্য চট্টগ্রাম বন্দর এলাকায় অবস্থিত নির্মাণাধীন নিউমুরিং কনটেইনার টার্মিনাল (এন.সি.টি) এর আংশিক জেটি এলাকাকে কাস্টমস পোর্ট এবং উক্ত অংশ এর section ১০ এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন তফশিলভূক্ত সীমানা ও এলাকাকে ল্যান্ডিং পেইস (Landing Place) হিসাবে ঘোষণা করিল :

তফসিল

স্থানের বর্ণনা :

- ক) স্থানের নাম : নিউমুরিং কনটেইনার টার্মিনাল।  
খ) মৌজা : দক্ষিণ হালিশহর।  
গ) বিএস পট নম্বর : ১০২৬, ৯৯৭২, ৯৯৭৭ এবং ৯৯৭৮।  
ঘ) সীমানা : পূর্বে- কর্ণফুলী নদী,  
পশ্চিমে- এনসিটি কঁটা তারের ফেঙ্গি (নথৎফরফ রিংব ভবহপরহম) এর  
তৎসংলগ্ন নির্মাণাধীন পেভমেন্ট ও আনুষাংগিক সুবিধাদি,  
উত্তরে- সিসিটি (মালিটি পারপাস বার্থ),  
দক্ষিণে- কঁটা তারের ফেঙ্গি (নথৎফরফ রিংব ভবহপরহম) তৎসংলগ্ন  
এনসিটি জেটি ও নির্মাণাধীন পেভমেন্ট।  
ঙ) আয়তন : ৫৬,০০০ বর্গমিটার (আনুমানিক) (দৈর্ঘ্য ৮০০ থেকে ৮১০ মিটার ও প্রস্থ  
১৩৫ থেকে ১৪০ মিটার)।

০২। উক্ত কাস্টমস পোর্ট কাস্টমস কর্তৃপক্ষের সম্পূর্ণ নিয়ন্ত্রণাধীন থাকিবে। বন্দর কর্তৃপক্ষ পণ্য  
সংরক্ষণাগারের ও পণ্যের নিরাপত্তা বিধানের পূর্ণ দায়িত্বে থাকিবেন।

(মোহাম্মদ আবু ইউসুফ)  
দ্বিতীয় সচিব (শুল্ক-আন্তঃ বাণিজ্য চুক্তি)